

তারিখ: 10/09/2015

**আরবিআই, দ্য ইন্ডিয়ান মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, লক্ষ্ণৌ, উত্তর প্রদেশ-এর প্রতি জারি করা নিয়ন্ত্রণ ডিসেম্বর 11, 2015 পর্যন্ত সম্প্রসারণ করল**

দ্য ইন্ডিয়ান মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, লক্ষ্ণৌ-এর প্রতি জারি করা নিয়ন্ত্রণ ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সেপ্টেম্বর 12, 2015 থেকে ডিসেম্বর 11, 2015 পর্যন্ত, পর্যালোচনার সাপেক্ষে আরও তিন মাসের জন্য সম্প্রসারণ করেছে। ব্যাঙ্কটি জুন 12, 2014 তারিখ থেকে নিয়ন্ত্রণের অধীনে রয়েছে।

উক্ত নিয়ন্ত্রণ অনুযায়ী, দ্য ইন্ডিয়ান মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, লক্ষ্ণৌ, রিজার্ভ ব্যাঙ্ক-এর লিখিত আগাম অনুমোদন ব্যতীত, কোনও ঋণ এবং অগ্রিম মঞ্জুরি অথবা পুনর্নবীকরণ, কোনও বিনিয়োগ, তহবিল ধার করা এবং নতুন আমানত গ্রহণ সমেত কোনও দায়ভার গ্রহণ, কোনও অর্থপ্রদান সম্পর্কিত বিতরণ বা বিতরণে সম্মতিপ্রদান তা দায় এবং বাধ্যবাধকতা পালন বা অন্যকোনও বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত হলেও, কোনও আপস অথবা আয়োজন এবং বিক্রয়ে অংশগ্রহণ, রিজার্ভ ব্যাঙ্কের নিয়ন্ত্রণসম্পর্কিত নির্দেশে উল্লেখ ব্যতীত হস্তান্তর বা অন্য কোনও উপায়ে তার কোনও সম্পত্তি অথবা সম্পদ বিলিবন্দোবস্ত, করতে পারবে না। অধিকন্তু, ব্যাঙ্কটি তার আমানতকারীদের প্রত্যেক সেভিংস ব্যাঙ্ক বা কারেন্ট অ্যাকাউন্ট অথবা অন্য কোনও ডিপোজিট অ্যাকাউন্ট-এর মোট ব্যালান্স থেকে নিয়ন্ত্রণ বলবৎ থাকার সম্পূর্ণ সময়সীমার মধ্যে অর্থাৎ জুন 12, 2014 থেকে ডিসেম্বর 11, 2015 পর্যন্ত, এককালীন অনধিক ₹ 1,00,000 (এক লক্ষ টাকা মাত্র) মূল্যের কোনো রাশি তোলায় অনুমতি দিতে পারে।

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 56 সঙ্গে পঠিত ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 35এ-র উপধারা (1)-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক নিয়ন্ত্রণটি প্রযুক্ত হল। কোতুহলী জনসাধারণের জ্ঞাতার্থে নিয়ন্ত্রণসম্পর্কিত নির্দেশটির প্রতিলিপি ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত হয়।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জারি করা উপরোক্ত নিয়ন্ত্রণসম্পর্কিত নির্দেশ মানে এই নয় যে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক ব্যাঙ্কিং লাইসেন্স বাতিল করা। পরিস্থিতির উপর নির্ভর করে রিজার্ভ ব্যাঙ্ক এইসকল নিয়ন্ত্রণসম্পর্কিত নির্দেশে পরিবর্তনের কথা বিবেচনা করতে পারে।

**অজিত প্রসাদ**  
সহকারী মহা প্রবন্ধক

**প্রেস বিজ্ঞপ্তি: 2015-2016/642**